১০২

একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-১

বিষয়ঃ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতায় কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন **নারায়নগঞ্জ বন্দরে এবং চট্টগ্রাম কালুরঘাটে মহিলা শ্রমজীবী হোস্টেল এবং০৫ শয্যার হাসপাতাল সুবিধাসহ শ্রম কল্যাণ কেন্দ্র নির্মান "** শীর্ষক প্রকল্পের উপর গত ১৪/০৭/২০২০ তারিখে অনুষ্ঠিত প্রকল্প স্টিয়ারিং কমিটি (পিএসসি)'র ৩য় সভার কার্যবিবরণী:

সভাপতি : কে এম আব্দুস সালাম
সচিব
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

সভার স্থান : মন্ত্রনালয়ের সভাকক্ষ

সভার তারিখ : ১৪/০৭/২০২০ খ্রি:

সভার উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেয়া হ'ল।

**উপস্থাপনাঃ**

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতি কমিটির সদস্য সচিব ও প্রকল্প পরিচালক-কে সভার কার্যপত্র অনুযায়ী আলোচনা শুরু করার আহবান জানান। সভাপতির নির্দেশক্রমে প্রকল্প পরিচালক প্রকল্পের নিম্নোক্ত মূল কার্যক্রম এবং বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন।

**২.১। প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ ও প্রধান কার্যক্রম:**

প্রকল্প পরিচালক সভায় জানান যে, কর্মজীবী মহিলা শ্রমিকদের জন্য স্বল্প ব্যয়ে নিরাপদ ও স্বাস্থ্যসম্মত আবাসনের ব্যবস্থা নির্মাণ করা, সুষ্ঠ ও সামাজিক মানসম্মত আবাসিক পরিবেশ সুনিশ্চিত করা, সামাজিক ক্ষমতায়নের মাধ্যমে বসবাসরত মহিলা শ্রমিকদের উৎপাদনশীলতা বৃদ্ধিতে সহায়তা করা, শ্রমিক ও তাদের পরিবারের সদস্যদের আধুনিক ও উন্নত শ্রম কল্যাণ সুবিধাদি সুনিশ্চিত করা, বিদ্যমান শ্রম কল্যাণ কেন্দ্র হতে প্রদানকৃত সেবাসমূহ যথা: শ্রমিক প্রশিক্ষণ, স্বাস্থ্য সেবা, চিত্তবিনোদন সেবা ও পরিবার কল্যাণ সেবাদির মান আধুনিক ও শক্তিশালী করা, কর্মক্ষেত্রে মহিলা শ্রমিকদের অধিকার নিশ্চিতে ও সচেতনতা বৃদ্ধিতে শ্রম কল্যাণ কেন্দ্রে সময়োপযোগী প্রশিক্ষণ এবং ওর্য়াকশপ সেমিনারসহ বিভিন্ন কর্মসূচী গ্রহণ করা এবং সংশ্লিষ্ট অঞ্চলের শিল্প সেক্টরে কর্মরত শ্রমিক প্রতিনিধি ও মহিলা শ্রমিকদের জন্য তথ্য প্রযুক্তি সম্বলিত জ্ঞানবৃদ্ধির নিমিত্ত প্রকল্পটি গ্রহণ করা হয়েছে।

**২.২ । প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি:**

প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পটি ১১৫ কোটি ০৭ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে ০১ এপ্রিল, ২০১৮ ডিসেম্বর ২০২০ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত গত ১৭/০৪/২০১৮ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। জুন ২০২০ পর্যন্ত প্রকল্পের মোট ক্রমপুঞ্জিভূত অগ্রগতি ৭৫৯১.৭৫ লক্ষ টাকা বা ৬৫.৯৮% এবং ভৌত অগ্রগতি ৮৩%।

০৩। আলোচনা ও সিদ্ধান্তঃ সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্র/নং | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ৩.১ | সভায় প্রকল্পের বার্ষিক ক্রয় ও কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক পিআইসি সভার অনুমোদন সাপেক্ষে তা পিএসসি সভায় অনুমোদনের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। প্রকল্পের বার্ষিক ক্রয় ও কর্মপরিকল্পনা গ্রাফ আকারে (পাই চার্ট/বার চার্ট ইত্যাদি) মন্ত্রনালয় ও আইএমইডি'তে প্রেরণের জন্য সভায় পরামর্শ প্রদান করা হয়। | সেনাকল্যাণ সংস্থা কর্তৃক প্রস্তাবিত সংশোধিত প্রাক্কলিত ব্যয় পুনরায় পর্যালোচনা করে পিআইসি সভায় উপস্থানপূর্বক পিএসসি সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করতে হবে। |
| ৩.২ | সভায় ডিপিপিতে উল্লিখিত পিএসসি ও পিআইসি সভায় নির্ধারিত সময় অনুযায়ী এ সভা আয়োজনের নির্দেশনা প্রদান করা হয়। | প্রকল্পের ডিপিপিতে উল্লিখিত নির্দেশনা অনুযায়ী নিয়মিত পিএসসি ও পিআইসি সভার আয়োজন করতে হবে। |
| ৩.৩ | প্রকল্পের কাজের গুনগতমান ঠিক রেখে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ সমাপ্তির বিষয়ে সভায় নির্দেশনা দেয়া হয়। | প্রকল্পের কাজের গুনগতমান ঠিক রেখে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ সমাপ্ত করতে হবে। |
| ৩.৪ | সেনাকল্যাণ সংস্থা প্রকল্পের বাস্তবায়নাধীন নারায়নগঞ্জ অংশ সেপ্টেম্বর ২০২০ এর মধ্যে সমাপ্ত করে শ্রম অধিদপ্তরের নিকট হস্তান্তরের উদ্যোগ গ্রহণের জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়। | সেনাকল্যাণ সংস্থা কর্তৃক প্রকল্পের নারায়নগঞ্জ অংশ সেপ্টেম্বর ২০২০ এর মধ্যে সমাপ্ত করে শ্রম অধিদপ্তরের নিকট হস্তান্তর করতে হবে। |
| ৩.৫ | প্রকল্পের ২০২০-২১ অর্থ বছরের বরাদ্দের ভিত্তিতে ক্রয় ও কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বাস্তবায়নের ক্ষেত্রে পিপিআর ২০০৮, পিপিএ ২০০৬, অর্থ বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহের অর্থ অবমুক্তি ও ব্যবহার নির্দেশিকা এবং পরিকল্পনা কমিশনের গাইড লাইন অনুসরণ করার বিষয়ে সভায় নির্দেশনা দেয়া হয়। | প্রকল্পের ক্রয় ও কর্মপরিকল্পনা বাস্তবায়নের ক্ষেত্রে পিপিআর ২০০৮, পিপিএ ২০০৬, অর্থ বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহের অর্থ অবমুক্তি ও ব্যবহার নির্দেশিকা এবং পরিকল্পনা কমিশনের গাইড লাইন অনুসরণ করতে হবে। |
| ৩.৬ | সেনা কল্যাণ সংস্থা কর্তৃক প্রকল্পের নারায়নগঞ্জ এবং চট্টগ্রাম অংশ শ্রম অধিদপ্তরের নিকট হস্তান্তরের পূর্বেই উপকারভোগী মহিলা শ্রমজীবী নির্বাচন করে তাদের তালিকা এবং হোস্টেল পরিচালনার বিষয়টি চূড়ান্ত করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। এই বিষয়ে শ্রম অধিদপ্তরের মহাপরিচালক তাদের কর্মপরিকল্পনা এবং অগ্রগতি প্রতিবেদন আগামী ১ মাসের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সভায় নির্দেশনা দেয়া হয়। | সেনা কল্যাণ সংস্থা কর্তৃক প্রকল্পের নারায়নগঞ্জ এবং চট্টগ্রাম অংশ শ্রম অধিদপ্তরের নিকট হস্তান্তরের পূর্বেই উপকারভোগী মহিলা শ্রমজীবী নির্বাচন করে তাদের তালিকা এবং হোস্টেল পরিচালনার বিষয়টি চূড়ান্ত করতে হবে এবং এ বিষয়ে একটি অগ্রগতি প্রতিবেদন আগামী ১৩ আগস্ট ২০২০ এর মধ্যে মন্ত্রনালয়ে প্রেরণ করতে হবে। |
| ৩.৭ | প্রকল্প স্থানে ইতোমধ্যে প্যাসেঞ্জার লিফট ও সরঞ্জামাদি পৌছানো হয়েছে। এক্ষেত্রে প্রকল্প পরিচালক হোপের সাথে আলোচনাপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয় এবং এ বিষয়ে একটি টেকনিক্যাল কমিটি গঠন করে প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়। | প্যাসেঞ্জার লিফটের বিষয়ে একটি টেকনিক্যাল কমিটি গঠনের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। |

| | | |
|---|---|---|
| ৩.৮ | পরিকল্পনা কমিশনের নির্দেশনা অনুযায়ী সকলক্ষেত্রে প্রকল্পের মেয়াদ ও সংশোধন নিরুৎসাহিত করা হয়। এক্ষেত্রে শ্রম অধিদপ্তর হতে আলোচ্য প্রকল্পে সংশোধনী প্রস্তাবে মেয়াদ বৃদ্ধির বিষয়টির যৌক্তিক করণসহ উপস্থাপন করার বিষয়ে সভায় নির্দেশনা প্রদান করা হয়। এ ক্ষেত্রে প্রকল্পের মেয়াদ ৩০ জুন ২০২১ পর্যন্ত বৃদ্ধির বিষয়ে সভায় আলোচনা করা হয়। | প্রকল্পের সংশোধনী প্রস্তাবে মেয়াদ বৃদ্ধির বিষয়টি যৌক্তিক করণসহ উপস্থাপন পূর্বক প্রকল্পের মেয়াদ ৩০ জুন ২০২১ পর্যন্ত বৃদ্ধি করতে হবে। |

০৪। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত
১৬/০৭/২০২০

কে এম আব্দুস সালাম
সচিব
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
ও
সভাপতি
প্রজেক্ট স্টিয়ারিং কমিটি